

ইন্দোনেশিয়ায় ১১ আরোহীসহ উড়োজাহাজ নিখোঁজ

- A Monitor Desk Report

Date: 18 January, 2026



ঢাকা: ইন্দোনেশিয়ায় ১১ জন আরোহীসহ একটি ছোট যাত্রীবাহী উড়োজাহাজ নিখোঁজ হয়েছে। দেশটির কন্ট্রোল টাওয়ারের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হওয়ার পর সেটির সন্ধানে তল্লাশি অভিযান চালাচ্ছে কর্তৃপক্ষ।

শনিবার (১৭ জানুয়ারি) ইয়োগ্যাকার্তা থেকে সুলাওয়েসি দ্বীপের মাকাসার শহরের উদ্দেশে উড্ডয়ন করে ইন্দোনেশিয়া এয়ার ট্রান্সপোর্টের একটি টার্বোপ্রপ উড়োজাহাজ। মাকাসারের অনুসন্ধান ও উদ্ধার সংস্থার তথ্য অনুযায়ী, উড়োজাহাজটিতে ছিলেন ৩ জন যাত্রী এবং ৮ জন ক্রু সদস্য। স্থানীয় সময় দুপুর ১টার পর উড়োজাহাজটির সঙ্গে শেষবারের মতো যোগাযোগ করা যায়।

মাকাসারের অনুসন্ধান ও উদ্ধার সংস্থার প্রধান মুহাম্মদ আরিফ আনোয়ার জানান, উড়োজাহাজটির সর্বশেষ অবস্থান শনাক্ত হওয়া মারোস রিজেন্সির পাহাড়ি এলাকায় অনুসন্ধান দল মোতায়েন করা হয়েছে। তিনি বলেন, স্থল ও আকাশপথে অভিযান চালানো হচ্ছে, যেখানে বিমান বাহিনী, পুলিশ এবং স্বেচ্ছাসেবকরা অংশ নিচ্ছেন।

সংস্থার অপারেশনস প্রধান আন্দী সুলতান বলেন, উড়োজাহাজটির অবস্থান নির্ধারণ এবং উদ্ধার কার্যক্রমে হেলিকপ্টার ও ড্রোন ব্যবহার করা হচ্ছে।

দক্ষিণ-পূর্ব এশিয়ার বিস্তৃত দ্বীপপুঞ্জ নিয়ে গঠিত দেশ ইন্দোনেশিয়ায় যোগাযোগের জন্য উড়োজাহাজ পরিবহন অত্যন্ত গুরুত্বপূর্ণ। তবে দেশটির উড়োজাহাজ চলাচলের নিরাপত্তা রেকর্ড তুলনামূলকভাবে দুর্বল। সাম্প্রতিক বছরগুলোতে একাধিক প্রাণঘাতী দুর্ঘটনা ঘটেছে।

গত বছরের সেপ্টেম্বরে দক্ষিণ কালিমানতান প্রদেশ থেকে উড্ডয়নের কিছুক্ষণের মধ্যেই ৬ জন যাত্রী ও ২ জন ক্রু সদস্য নিয়ে একটি হেলিকপ্টার বিধ্বস্ত হয়। এতে সব আরোহী নিহত হন। এরপর দুই সপ্তাহেরও কম সময়ের মধ্যে দুর্গম পাপুয়া অঞ্চলের ইলাগা জেলায় আরেকটি হেলিকপ্টার দুর্ঘটনায় চারজন নিহত হন।

এবার নিখোঁজ উড্ডোজাহাজটির খোঁজে চালানো তল্লাশি অভিযান চলমান রয়েছে এবং কর্তৃপক্ষ আশা করছে দ্রুততম সময়ের মধ্যে যাত্রী ও ক্রুদের সন্ধান পাওয়া যাবে।

-B